# রূপান্তরকালীন সময়ে নাগরিক উদ্যোগ

## *নাগরিক ইশতেহার বিষয়ক আঞ্চলিক পরামর্শ সভা*

## সিলেট

**২৩ অক্টোবর ২০২৫**

Citizen's Platform for SDGs, Bangladesh
এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম, বাংলাদেশ

# বিষয়সূচি

১। কেন সংস্কার প্রয়োজন?

২। চলমান সংস্কার অভিজ্ঞতা

৩। সংস্কার ও প্রাক-নির্বাচনী বিতর্ক

৪। নির্বাচনী ইশতেহার ও নাগরিক চিন্তা

৫। নাগরিক প্ল্যাটফর্মের প্রাক-নির্বাচনী উদ্যোগ

# ১। কেন সংস্কার প্রয়োজন?

সংস্কার কার্যক্রম

সংস্কারবিরোধী দুর্নীতিপরায়ণ জোট

অগ্রসরমুখী রাজনৈতিক সমঝোতা

# ২. চলমান সংস্কার অভিজ্ঞতা

- প্রয়োজনীয় সংস্কার পদক্ষেপ নির্ধারণে একাধিক **কমিশন, কমিটি ও টাস্কফোর্স** গঠন করা হয়।
- অন্তত শতাধিক **সংস্কার প্রস্তাব** রয়েছে, যা **প্রশাসনিক সিদ্ধান্তের মাধ্যমে** বাস্তবায়নযোগ্য।
- প্রধান উপদেষ্টার কার্যালয় সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগগুলোকে নির্দেশ দিয়েছে **অতিরিক্ত অর্থায়ন ছাড়া বাস্তবায়নযোগ্য প্রস্তাবগুলো দ্রুত কার্যকর** করতে।
- **১৫ জুন ২০২৫** তারিখে প্রধান উপদেষ্টার কার্যালয় *"অন্তর্বর্তী সরকারের সংস্কারসমূহ"* শিরোনামে একটি **বুকলেট প্রকাশ** করে।
- ইতিমধ্যে একটি ঐক্যমত্য কমিশন ৮৪ টি সংস্কার প্রস্তাব নিয়ে অনেকগুলো রাজনৈতিক দলের সাথে দীর্ঘ আলোচনা করেছে।
- **১৭ অক্টোবর ২০২৫-এ "জুলাই সনদ" আনুষ্ঠানিকভাবে জাতির সামনে তুলে ধরা হয়েছে এবং অধিকাংশ আলোচনায় যুক্ত রাজনৈতিক দল এ সনদে সাক্ষর করেছে। যারা করে নি তাদের সাথেও আলোচনা চলমান রয়েছে।**
- **এর আগে ৫ আগস্ট ২০২৫-এ "জুলাই ঘোষণাপত্র" প্রকাশ করা হয়।**

## ২. চলমান সংস্কার অভিজ্ঞতা

**চলমান সংস্কার প্রক্রিয়া কি সবক্ষেত্রে সফল বাস্তবায়নের প্রয়োজনীয় শর্তগুলি পূরণ করেছে?**

এ ক্ষেত্রে প্রয়োজনঃ

- দৃঢ় রাজনৈতিক ইচ্ছা ও নেতৃত্বের স্পষ্ট অবস্থান
- দক্ষ ও সমন্বিত বাস্তবায়ন
- কার্যকর ও কৌশলগত যোগাযোগ
- অংশীজনকে সম্পৃক্ত করা এবং তাদের সমর্থন নিশ্চিত করা
- সকলের কাছে উন্মুক্ত "রিয়েল-টাইম" পর্যবেক্ষণ ব্যবস্থা
- "কাউকে পেছনে রাখা যাবে না" এই নীতি এবং বৈষম্যবিরোধী মূল্যবোধের প্রতিফলন

**খুব সম্ভবত নয়...**

## ২. চলমান সংস্কার অভিজ্ঞতা

**সংস্কার প্রস্তাব প্রণয়ন করা সহজ — কিন্তু বাস্তবায়ন করা সহজ নয়!**

**কেন সংস্কার বাস্তবায়ন** প্রায়ই **ব্যর্থ হয়?**

- অংশীদারদের প্রত্যাশা স্পষ্টভাবে প্রকাশিত হয় না এবং গ্রথিত হয় না
- প্রণয়ন প্রক্রিয়ায় অংশীদাররা অংশ নিলেও সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়নের সময় তাদের কণ্ঠস্বর ও অগ্রাধিকারসমূহ হারিয়ে যায়
- ফলস্বরূপ, সংস্কার প্রায়শই উপরের দিক থেকে নির্ধারিত হয়, অনিবার্য ও অপরিবর্তনযোগ্য হয়ে যায়, যা তৃণমূলের চাহিদা পূরণ, জবাবদিহিতা এবং সমন্বয়ের সুযোগ সীমিত করে।

**নাগরিক প্লাটফর্ম এই ব্যবধান দূর করতে চায়— সংস্কারের রূপরেখা ও সংস্কার কার্যক্রমকে কার্যকর, অন্তর্ভুক্তিমূলক এবং বাস্তবায়নযোগ্য উদ্যোগে রূপান্তরিত করতে চায়।**

## ৩। সংস্কার ও প্রাক-নির্বাচনী বিতর্ক

- এখন পর্যন্ত রাজনৈতিক পরিসরে সংস্কার আলোচনা শুধুমাত্র জুলাই সনদের মধ্যে সীমাবদ্ধ
- এর বাইরে অনেক গুরুত্বপূর্ণ সংস্কার প্রস্তাব রয়ে গেছে, যেসবের ব্যাপারে চলমান আলোচনায় তাদের অংশগ্রহণ বা আগ্রহ পরিলক্ষিত হচ্ছে না
- জুলাই সনদের বাইরে থাকা অনেক সংস্কার প্রস্তাব বিষয়ে রাজনৈতিক আলোচনা ও ঐক্যমত্য নিয়ে কোন কথা হচ্ছে না, এবং এসব সংস্কার প্রস্তাবের ভবিষ্যৎ অনেকাংশে অনিশ্চিত থেকে যাচ্ছে
- মনে রাখা দরকার সফল সংস্কার বাস্তবায়নের জন্য রাজনৈতিক দলগুলোর এবং পরবর্তী নির্বাচিত সরকারের স্বদিচ্ছা, অব্যাহত মনোযোগ ও নিরলস প্রচেষ্টা একান্ত প্রয়োজন
- এটা নিশ্চিত না করা গেলে “সংস্কার বিরোধী জোট” আবার সক্রিয় হবার আশংকা থেকেই যাবে

# ৪। নির্বাচনী ইশতেহার ও নাগরিক চিন্তা

- সংস্কার বিষয়ে রাজনৈতিক দলগুলো প্রাক-নির্বাচনী বিতর্ক এবং ইশতেহারে তাদের অবস্থান ও বক্তব্য স্পষ্ট করলে পরবর্তীতে নির্বাচিত সরকার এর মাধ্যমে জনগণের কাছে দায়বদ্ধ থাকবে এবং “ম্যান্ডেট”ও পাবে এবং এর ফলে সংস্কারের সফল বাস্তবায়ন সহজ হবে

- এ প্রক্রিয়ার মাধ্যমে জনগণেরও এসব বিষয়ে মতামত দেবার সুযোগ থাকবে

- রাজনৈতিক দলসমূহ নির্বাচনী ইশতেহারের মাধ্যমে তাদের প্রস্তাবিত সংস্কারের বাইরেও রাষ্ট্রনীতি এবং উন্নয়ন বিষয়ে তাদের মতামত ও আকাঙ্ক্ষা উপস্থাপন করে থাকে

- ভোট পেতে রাজনৈতিক দলগুলো সঙ্গত কারণেই তাদের ইশতেহারে নাগরিকদের চিন্তার প্রতিফলন করতে চাইবে

- নাগরিকদের ভোটের সিদ্ধান্ত গ্রহণে রাজনৈতিক ইশতেহার বোধগম্য কারণেই গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে

# ৫। নাগরিক প্ল্যাটফর্মের প্রাক-নির্বাচনী উদ্যোগ

## ‘নাগরিক ইশতেহার’ প্রণয়নের প্রেক্ষাপট ও উদ্দেশ্য

- চলমান নির্বাচনী প্রক্রিয়ার আলোচনায় ও বিতর্কে পিছিয়ে পড়া জনগোষ্ঠীর কণ্ঠস্বর খুবই ক্ষীণ
- এই জনগোষ্ঠীর স্বার্থ, প্রত্যাশা ও দাবি তুলে ধরা এবং তাদের সক্রিয় অংশগ্রহণ ও সম্পৃক্ততা নিশ্চিত করা জরুরি
- এই লক্ষ্যেকে সামনে রেখে নাগরিক প্ল্যাটফর্ম **‘নাগরিক ইশতেহার’** প্রণয়নের উদ্যোগ গ্রহণ করেছে
- ন্যায্য, সমতাভিত্তিক ও জবাবদিহিপূর্ণ বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে এতে থাকবে গুরুত্বপূর্ণ ও আকর্ষণীয় জাতীয় কর্মসূচির প্রস্তাব
- প্রক্রিয়াটিতে যুক্ত রয়েছে নাগরিক প্ল্যাটফর্মের জাতীয় ও তৃণমূল পর্যায়ের ১৫০টিরও বেশি সহযোগী সংগঠন
- পাশাপাশি অংশ নিচ্ছেন ব্যক্তিখাতের নেতৃবৃন্দ, বিশেষজ্ঞ, পেশাজীবী প্রতিষ্ঠান ও গোষ্ঠী।
- আমাদের প্রত্যাশা, এই সুপারিশসমূহ আগামী দিনে রাজনৈতিক দলগুলোর নির্বাচনী ইশতেহারে যথাযথভাবে প্রতিফলিত হবে

# ৫। নাগরিক প্ল্যাটফর্মের প্রাক-নির্বাচনী উদ্যোগ

## *আপনার মতামতে হোক নির্বাচনী ইশতেহার*

সংস্কার ও প্রাক-নির্বাচনী
বিতর্কে পিছিয়ে
পড়া জনগোষ্ঠীর প্রত্যাশা ও
চাহিদার প্রতিফলন


সংস্কারের অগ্রাধিকার
নির্ধারনে আঞ্চলিক ও স্থানীয়
চাহিদার প্রতিফলন

নির্বাচনী প্রতিশ্রুতি ও সংস্কার
বাস্তবায়নের জন্য আর্থিক
সক্ষমতা মূল্যায়ন

# ৫। নাগরিক প্ল্যাটফর্মের প্রাক-নির্বাচনী উদ্যোগ

আঞ্চলিক পরামর্শ সভা

দেশের ৮টি অঞ্চলে পরামর্শ সভা আয়োজনের মাধ্যমে স্থানীয় অংশীজনদের মতামত ও সুপারিশ সংগ্রহ করা হবে




সরকারি ও বেসরকারি বিদ্যালয়ের শিক্ষার্থীদের সাথে যুব কর্মশালা

বিশ্ববিদ্যালয়ভিত্তিক যুব কর্মশালা

তরুণ প্রজন্মের আকাঙ্ক্ষা, প্রত্যাশা ও নীতিগত অগ্রাধিকার যেন যথার্থভাবে ‘নাগরিক ইশতেহারে’ প্রতিফলিত হয়, তা নিশ্চিত করা হবে

সামাজিক যোগাযোগ মাধ্যমে জনগণের কাছ থেকে প্রস্তাব ও সুপারিশ আহবান করা হচ্ছে

# নির্বাচন-পরবর্তী সরকারের কাছে আপনার প্রত্যাশা কী?

Go to

**www.menti.com**

Enter the code

**6623 3386**

# ধন্যবাদ

www.bdplatform4sdgs.net BDPlatform4SDGs bdplatform4sdgs coordinator@bdplatform4sdgs.net

## সচিবালয়

CENTRE FOR POLICY DIALOGUE